




ISO 9001:2015 Certified



পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চাটমোহর, পাবনা।



ফোন-অফিস-০২-৫৮৮৪৮৫০১

অভিযোগ কেন্দ্র-০২-৫৮৮৪৮৩৩৬

ই-মেইল ঠিকানা - pbs1pabna@gmail.com

ওয়েব সাইট - www.pbs1.pabna.gov.bd

স্মারক নং-২৭.১২.৭৬২২.৫০৭.০২.০০৮.২৩. ১০১৫

তারিখঃ ১০ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ

আইন উপদেষ্টা (চুক্তিভিত্তিক) পদে পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা এর মামলা মোকদ্দমা পরিচালনার জন্য নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে একজন আইন উপদেষ্টা নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ


- ০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২। (ক) পাবনা জেলায়, জেলা ম্যাজিস্ট্রেট/সহকারী জজ কোর্টে কম পক্ষে ০৮ (আট) বৎসর আইনজীবী হিসেবে নিয়োজিত আছেন। অথবা
(খ) অবসর প্রাপ্ত বিচারপতিগণ যারা আইন পেশায় নিয়োজিত আছেন (পাবনা জেলায়) কেবল মাত্র তারাই উল্লেখিত পদের জন্য আবেদন করতে পারবেন।
- ০৩। আলোচ্য পদে ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তি ভিত্তিতে নিয়োগ করা হবে।
- ০৪। পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত হারে মাসিক রিটেইনার ফি ও প্রতি মোকদ্দমার জন্য নির্ধারিত হারে অন্যান্য ফি প্রদান করা হবে (পবিস নির্দেশিকা ৩০০-৫০ মোতাবেক)।
- ০৫। অন্য পবিসে আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকলে তিনি আবেদন করতে পারবেন না।

উপরোক্ত শর্তাবলীর প্রেক্ষিতে যারা আলোচ্য পদে নিয়োগ লাভে ইচ্ছুক তাদেরকে সাদা কাগজে নিম্নে বর্ণিত তথ্যাদি সহ আগামী ১২/০৩/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে আবেদন পত্র জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

- (ক) আবেদনকারীর নাম :-
- (খ) বর্তমান ঠিকানা :-
- (গ) স্থায়ী ঠিকানা :-
- (ঘ) এ্যাডভোকেট হিসেবে এনরোলমেন্ট এর তারিখ :-
- (ঙ) আইন ব্যবসায়ের সময়কাল :-
 - (১) সহকারী জজ কোর্ট/ম্যাজিস্ট্রেট কোর্ট।
 - (২) জজ কোর্ট।
 - (৩) সুপ্রীম কোর্টের হাই কোর্ট ডিভিশন/আপীল ডিভিশন।
- (চ) আইন উপদেষ্টা পদে পূর্ব অভিজ্ঞতা এবং


(ছ) স্থানীয় স্ব-শাসিত অথবা অন্য কোন প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা পদে বর্তমানে নিয়োজিত থাকলে উহার পূর্ণ বিবরণঃ

উপরের বর্ণিত তথ্যাদির বিপরীতে প্রয়োজনীয় কাগজপত্র (শিক্ষাগত যোগ্যতা, আইন পেশার সনদ, বার কাউন্সিলের সনদ ও অভিজ্ঞতার সনদ পত্রের সত্যায়িত অনুলিপি, সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র এর নিকট হতে জাতীয়তার সনদপত্র) আবেদন পত্রের সহিত জমা প্রদান করতে হবে। অসম্পূর্ণ আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। শর্তাবলীতে উল্লেখ নাই এরূপ কোন সমস্যার উদ্ভব হলে পাবনা পবিস-১ কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।


23.02.23
(মোঃ আকমল হোসেন)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের অনুরোধ সহ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

- ০১। জেলা জজ/জেলা প্রশাসক, পাবনা।
- ০২। পুলিশ সুপার, পাবনা।
- ০৩। পরিচালক, পবিস মঃ ওঃ ব্যঃ পঃ (পঃঅঃ)/লিগ্যাল এ্যাফেয়ার্স পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা-বিআরইবি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ০৫। সভাপতি, আইনজীবী সমিতি, পাবনা।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ----- পবিস-১/২/৩/৪।
- ০৭। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবোর্ড, পাবনা।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার, চাটমোহর/ ফরিদপুর/আটঘরিয়া/ভাংগুড়া/ঈশ্বরদী/পাবনা সদর, পাবনা।
- ০৯। নোটিশ বোর্ড, পাবনা পবিস-১।
- ১০। অফিস কপি/মাষ্টার কপি।


23.02.23
(মোঃ আকমল হোসেন)
জেনারেল ম্যানেজার
